

## ইউএস-বাংলার বহরে যুক্ত হলো আরো ২ বোয়িং

- A Monitor Desk Report

Date: 27 November, 2021



দেশের এভিয়েশনের ইতিহাসে প্রথমবারের মতো ৩০ মিনিটের ব্যবধানে দু'টি বোয়িং ৭৩৭-৮০০ এয়ারক্রাফট বিমান বহরে যুক্ত করেছে ইউএস-বাংলা এয়ারলাইন্স। দু'টি বোয়িং ৭৩৭ বিমান বহরে যোগ দেয়ায় বর্তমানে ইউএস-বাংলা এয়ারলাইন্সের এয়ারক্রাফটের সংখ্যা দাড়িয়েছে ষোলোটি। যা বাংলাদেশের বেসরকারী বিমান পরিবহন সংস্থার মধ্যে সর্বোচ্চ।

গতকাল ২৬ নভেম্বর শুক্রবার রাত ১১টায় ৫ম ও রাত সাড়ে ১১টায় ৬ষ্ঠ বোয়িং ৭৩৭-৮০০ এয়ারক্রাফট দু'টি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরন করে। নতুন যুক্ত হওয়া এয়ারক্রাফট দু'টি আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন ইউএস-বাংলা এয়ারলাইন্সের ডিরেক্টর, বিজনেস ডেভেলপমেন্ট ক্যাপ্টেন লুৎফর রহমান।

জর্ডানের আম্মান থেকে সরাসরি নতুন সংযোজিত এয়ারক্রাফট দু'টি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরন করে। নতুন যুক্ত হওয়া বোয়িং ৭৩৭-৮০০ এয়ারক্রাফট দু'টিতে ১৮৯টি করে ইকোনমি ক্লাসের আসন রয়েছে। যা দিয়ে ভবিষ্যৎ পরিকল্পনার অংশ হিসেবে কলম্বো, শারজাহ ও দিল্লীতে ফ্লাইট পরিচালনা করা হবে।

"ফ্লাই সেফ-ফ্লাই ফাস্ট" স্লোগান নিয়ে যাত্রা শুরু করা ইউএস-বাংলা এয়ারলাইন্স, আগামী বছরের জুনে এয়ারবাস ৩৩০-২০০/৩০০ এয়ারক্রাফট যুক্ত করে ঢাকা থেকে জেদ্দা, রিয়াদ ও মদিনায় ফ্লাইট পরিচালনার পরিকল্পনা নিয়েছে।

বর্তমানে অভ্যন্তরীণ সকল রুটসহ আন্তর্জাতিক রুট কলকাতা, চেন্নাই, মালে, মাস্কাট, দোহা, দুবাই, কুয়ালালামপুর, সিঙ্গাপুর ও গুয়াংজু রুটে নিয়মিত ফ্লাইট পরিচালনা করে আসছে।

বোয়িং ৭৩৭-৮০০ এয়ারক্রাফট দু'টি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে আনুষ্ঠানিকভাবে গ্রহণ করার সময় বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ও ইউএস-বাংলা এয়ারলাইন্সের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন বলে এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন সংস্থাটির মহাব্যবস্থাপক, (জনসংযোগ) মোঃ কামরুল ইসলাম।

